সেট গ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

অষ্টম শ্রেণি

বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনি) **বিষয় কোড-১৫০**

সময়: ৩০ মিনিট পূর্ণমান: ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। নবাব সিরাজউদ্দৌলার পতনের মধ্য দিয়ে বাংলায় কোন শাসনের চূড়ান্ত অবসান ঘটে?

ক. মুসলিম খ. মোগল
গ. ইংরেজ ঘ. সুলতানী

২। বাংলায়দীর্ঘস্থায়ী শাসন ব্যবস্থা কোনটি?

ক. পাল খ. মুসলিম
গ. সুলতানী ঘ. মোগল

৩। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের ফল হল-

i. স্বদেশি চেতনা
ii. বঙ্গভঙ্গ রদ
iii. দেশপ্রেমের উন্মেষ
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও ii

৪। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে ঢাকায় পাকিস্তানিরা কত হাজার নিরীহ মানুষ হত্যা করে?

ক. ৫ থেকে ৬ খ. ৬ থেকে ৭
গ. ৭ থেকে ৮ ঘ. ৮ থেকে ১০

৫। মুক্তিযুদ্ধে বাঙালির প্রেরণা হিসাবে কোনটি কাজ করেছে?

ক. পতাকা খ. মানচিত্র
গ. ভাষা ঘ. মুক্তিবাহিনী

৬। সংবিধানের পঞ্চদশ সংশোধনী হয় ২০১১ সালের জুলাই মাসের কত তারিখে?

ক. ১ খ. ৩
গ. ৪ ঘ. ১১

৭। বাংলাদেশের প্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?

ক. রংপুর খ. কুমিল্লা
গ. যশোর ঘ. কুষ্টিয়া

৮। চৌতা, সুসিজ ও এলাচি- এগুলো কিসের নাম?

ক. ফসল খ. মশলা
গ. খাবার ঘ. কাপড়

উদ্দীপক অনুসরণে ৯নং ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:

'কা আ তরুবর পাঞ্চ বি ডাল
চঞ্চল চী এ পইঠা কাল।'

৯। উপরোক্ত পংক্তি কিসের নমুনা?

ক. পুঁথি সাহিত্য খ. মঙ্গালকাব্য
গ. চর্যাপদ ঘ. খেমটা

১০। উদ্দীপকের নমুনার সাথে সম্পৃক্ত করা যায়-

i. লুইপা ii. বৌদ্ধসাধক iii. ধ্বংসের প্রতীক
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১১। কালিগঞ্জের মেয়ে মনির সাথে শ্যামনগরের ছেলে সাগরের বিবাহ হয়। মনি কোন প্রক্রিয়ায় সাগরের বাড়ীর সবার সাথে একাত্ম হবে?

ক. সংস্কৃতায়ন খ. অনুকরণ
গ. সাংস্কৃতিক আদর্শ ঘ. আত্তীকরণ

১২। শিক্ষাকে যুগোপযোগী করার জন্য প্রচলিত ধারার সাথে কোনটি সম্পৃক্ত হয়েছে?

ক. দূরশিক্ষণ খ. মাল্টিমিডিয়া
গ. ইন্টারনেট ঘ. টেলিভিশন

১৩. শিল্পকলা জাতির যে প্রতিভার সাথে পরিচিত করে তা হল-

i. চিন্তাশক্তির
ii. সৃজনশীলতার
iii. সৃষ্টিশীলতার
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৪। বাংলাদেশের লোকসংখ্যা ১৬ কোটি। গ্রামে বসবাসকারী লোকের সংখ্যা কত কোটি?

ক. ৬.৮ খ. ৮.৩
গ. ১৩.৬ ঘ. ১৪.৬

১৫। কোন সমাজের বেশির ভাগ মানুষ উন্নয়নমুখী?

ক. গ্রাম খ. শহর
গ. শিল্পী ঘ. শিশু

১৬। সামাজিকীকরণের পাশাপাশি চলে-

ক. শিক্ষা খ. সমাজ
গ. সংস্কৃতি ঘ. বিশ্বায়ন

১৭। ২০১৫-২০১৬ অর্থ বছরের এপ্রিল পর্যন্ত প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ কত মিলিয়ন মার্কিন ডলার?

ক. ৮,৭২৯ খ. ৯,৬৮৯
গ. ১২,২৫৫ ঘ. ২,৯২,২৮২

প্রদত্ত সারণী অবলম্বনে ১৮নং ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :

ক্রমিক নং	খাতের নাম	প্রবৃদ্ধির হার
A	কৃষি	১.৫৩%
B	মৎস্য	৬.১৯%
C	বাণিজ্য	৬.৬১%

১৮। প্রদত্ত সারণীতে উল্লেখিত প্রবৃদ্ধির হার বৃদ্ধির মূল লক্ষ্য কী?

ক. কর্মসংস্থান বৃদ্ধি পায়

খ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে থাকে

গ. জনসংখ্যা নিয়ন্ত্রণে থাকে

ঘ. ভোগ ব্যায় হ্রাস পায়

১৯। ক্রমিক নং 'C' এ বর্ণিত তথ্য আমাদের উপর যে প্রভাব ফেলে তা হল-

i. আয় বৃদ্ধি পাবে

ii. উন্নয়ন ত্বরান্বিত হবে

iii. সেবা খাতের নিশ্চয়তা পাওয়া

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　খ. i ও iii

গ. ii ও iii　　ঘ. i, ii ও iii

২০। বর্তমান বিশ্ব কী নির্ভর?

ক. দক্ষতা　　খ. সেবা

গ. শিল্প　　ঘ. প্রযুক্তি

২১। রাষ্ট্রের মূল চালিকাশক্তি কোনটি?

ক. সংবিধান　　খ. সরকার

গ. জাতীয়তাবাদ　　ঘ. গণতন্ত্র

২২। বাংলাদেশে জতীয় তহবিলের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করে সরকারের কোন বিভাগ?

ক. নির্বাহী　　খ. শাসন

গ. বিচার　　ঘ. আইন

২৩। কত বছর বয়সী সকল নাগরিককে বাংলাদেশের সংবিধানে ভোটাধিকার প্রদান করেছে?

ক. ১৬　　খ. ১৮

গ. ২০　　ঘ. ২২

উদ্দীপক অনুসরণে ২৪ নং ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র-১

২৪। চিত্র-১ দ্বারা নির্দেশিত বিষয়গুলি সরকারের কোন বিভাগকে নির্দেশ করে?

ক. শাসন　　খ. নির্বাহী

গ. বিচার　　ঘ. আইন

২৫। চিত্র-১ দ্বারা নির্দেশিত বিভাগ যে কাজ করে তা হল-

i. বিরোধ নিষ্পত্তি

ii. আইন তৈরি

iii. আইনের ব্যাখ্যা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　খ. i ও iii

গ. ii ও iii　　ঘ. i, ii ও iii

২৬। ভূ-পৃষ্ঠের নিকটবর্তী স্তর কোনটি?

ক. ট্রপোস্ফেয়ার　　খ. স্ট্রাটোস্ফিয়ার

গ. ওজন স্তর　　ঘ. কেন্দ্রমন্ডল

২৭। বায়ুমন্ডলে ওজোনস্তর ক্ষয়কারী কোন গ্যাস অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে?

ক. হ্যালন　　খ. এইচসিএফসি

গ. সিএফসি　　ঘ. নাইট্রাস অক্সাইড

২৮। ২০১১ সালে জাপানেরউত্তর-পূর্ব এলাকায় যে ভয়াবহ সুনামি সংগঠিত হয় তাতে ভূমিকম্পের মাত্রা কত ছিল?

ক. ৭.৮　　খ. ৮.৯

গ. ৯.৮　　ঘ. ১১.৩

২৯। বায়ুর মূল উপাদন হল-

ক. অক্সিজেন ও নাইট্রোজেন

খ. হাইড্রোজেন ও কার্বন ডাই-অক্সাইড

গ. অক্সিজেন ও কার্বন

ঘ. নাইট্রোজেন ও কার্বন ডাই-অক্সাইড

৩০। চিরস্থায়ী বন্দোবস্ত চালু হয় কত সালে?

ক. ১৭৮১　　খ. ১৭৯৩

গ. ১৮৫৮　　ঘ. ১৮৮৫

সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

শ্রেণি-অষ্টম

বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল) **বিষয় কোড: ১৫০**

সময়: ২ঘণ্টা ৩০মিনিট **পূর্ণমান: ৭০**

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।]

যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।

১.

ক্রমিক	ঘটনা	ঘটনা সংগঠনের সাল
p	কলকাতা মাদ্রাসা	১৭৮১
q	সংস্কৃত কলেজ	১৭৯১
r	ভারতের স্বাধীনতা অর্জন	১৯৪৭

ক) ছিয়াত্তরের মন্বন্তর কী? ১

খ) অষ্টাদশ শতাব্দীর সত্তরের দশকে'মানুষের জন্য চরম অভিশাপময় শাসন ব্যবস্থা'-ব্যাখ্যা কর। ২

গ) প্রদত্ত সারণীতে 'p' নির্দেশিত বিষয়টির প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রদত্ত সারণীতে 'r' ঘটনার জন্য 'q' এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২।

ক) মুক্তিফৌজ কী? ১

খ) জর্জ হ্যারিসন আয়োজিত কনসার্টটি - ব্যাখ্যা কর। ২

গ) 'N'নির্দেশিত মুক্তিযুদ্ধের সেক্টরটি - ব্যাখ্যা কর। ৩

ঘ) "মুক্তিযুদ্ধে 'H' চিহ্নিত সেক্টরটি সর্বাধিক গুরুত্বপূর্ণ"- বিশ্লেষণ কর। ৪

৩। ঘটনা-১ : রাশিয়ায় অনুষ্ঠিত ২১ তম বিশ্বকাপ প্রতিযোগিতায় অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠান, টেলিভিশন ও Internet এর মাধ্যমে বিশ্ব ব্যাপী উপভোগ করে। লুঝনিকি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলা প্রত্যেক দেশের মানুষ ঘরে বসে একযোগে উপভোগ করে।

ঘটনা-২ : বিশ্বকাপ খেলায় ব্রাজিলের খেলোয়াড় নেইমারের চুলের স্টাইল দেখে এদেশের তরুণদের অনেকের এরূপ চুল কাটার দৃশ্য দেখা যাচ্ছে।

ক) মঙ্গল কাব্য কী? ১

খ) সংস্কৃতির ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তনের ফল- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে নির্দেশিত ঘটনা- ১ দ্বারা সংস্কৃতির পরিবর্তনশীলতার অধিকতর কার্যকর কারণটি- ব্যাখ্যা কর। ৩

ঘ) 'ঘটনা-২' এর মাধ্যমে আমাদের সমাজে সংস্কৃতিক পরিবর্তন হচ্ছে- বিশ্লেষণ কর। ৪

৪। নড়াইলের অধিবাসী মনি (কৃষক) এবং রনি (কুমার) দুই বন্ধু। মনির জন্ম দিন নিয়ে তাদের কথোপকথন নিম্নরূপ :-

মনি : বন্ধু,তোমাকে পেয়ে খুব খুশি হয়েছি। বিশেষ করে তোমার দেয়া তালপাতার পুঁথিতে দেশীয় রঙ দিয়ে আঁকা ছবিটি ।

রনি : বন্ধু, তোমার সুরেলা কণ্ঠের গাওয়া-'মনমাঝি তোর বৈঠা নেরে আমি আর বাইতে পারলাম না----'গানটি সার্বজনীন।

মনি : রবীন্দ্রনাথঠাকুর, লালনশাহ, অতুলপ্রসাদ সেন এর মত বিজ্ঞ ব্যক্তিদের সংস্পর্শে আমরা আজ সংগীতে সমৃদ্ধ হয়েছি।

ক) পুঁথি সাহিত্য কী? ১

খ) গ্রামীণ সমাজের দরিদ্র নারীদের টিকিয়ে রাখা শিল্পকর্মটি-ব্যাখ্যা কর। ২

গ) মনিকে উপহার দেওয়া রনির শিল্প কর্মটি-ব্যাখ্যা কর। ৩

ঘ) "মনির উক্তিতে ফুটে ওঠা শিল্পের সংরক্ষণে সকলের উদ্যোগ গ্রহণ করা জরুরী"-বিশ্লেষণ কর। ৪

৫। চলতি বছর ঈদের নামাজ শেষে'কাব্য'তার বাবা-মায়ের সাথে ঢাকার সদরঘাট এলাকায় ১টি পার্কে বেড়াতে যায়। কাব্যের বাবা কাব্যকে উক্ত পার্কের নাম করণে ব্রিটেনের রানির নাম সংযুক্ত থাকার তথ্য দেন। কাব্যের মা,কাব্যকে পার্কের সাথে প্রথম ভারতীয়দের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস জড়িত থাকা এবং ঐ যুদ্ধের শহীদদের স্মৃতিতে পার্কটি নির্মিত হওয়ার কথা উল্লেখ করেন।

ক) বাংলাদেশের ইংরেজ শাসনামলের পরিচিতি কী? ১

খ) বিংশ শতকের প্রথমে রঙিন মোজাইকের কারুকাজ শোভিত লোক-শিল্প যাদুঘরটির ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে নির্দেশিত পার্কটি তৈরির পটভূমি-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে নির্দেশিত পার্ক ছাড়া এ দেশে আরও প্রত্নিনিদর্শন রয়েছে- যুক্তি দেখাও। ৪

৬। মলি অষ্টম শ্রেণির শিক্ষার্থী। সে চাকরিজীবী পিতা-মাতার একমাত্র সন্তান। পিতা-মাতার অফিস ছুটির দিনে মলি তাদের সাথে সময় কাটায় ও বেড়াতে যায় তবে অন্য দিনগুলিতে সে পিতা-মাতার নির্দেশনা মোতাবেক পড়ালেখা করে শ্রেণি পরীক্ষায় বরাবরই ভাল করে। মলিকে তার শিক্ষকগণ পাঠে সহযোগিতা করেন এবং তার সহপাঠীরা মলিকে অনুসরণ করতে চায়।মলি ইন্টারনেটে ফেসবুক চালিয়ে অবসর সময় কাটায়।

ক) অনুকরণ কাকে বলে? ১
খ) মানুষের যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যমটি- ব্যাখ্যা কর। ২
গ) মলিকে ব্যক্তিত্বপূর্ণ মানুষ হতে সর্বাধিক ভূমিকা পালনকারী প্রতিষ্ঠানটির ব্যাখ্যা কর। ৩
ঘ) 'মলি আধুনিক ব্যক্তিত্বপূর্ণ সামাজিক মানুষ হিসাবে পরিচিতি পেতে গণমাধ্যম অপেক্ষা শিক্ষাপ্রতিষ্ঠানকে অধিক গুরুত্ব দেয়।' উক্তিটির সমর্থনে যুক্তি দেখাও। ৪

৭। হাদী গার্মেন্টেসে চাকুরী করেন। ২০১৭-২০১৮ অর্থ বছরে তার বাৎসরিক আয় ৪.৮০ লাখ টাকা। উক্ত বছরে পৈত্রিক সম্পত্তি থেকে তিনি পান ৬০ হাজার টাকা। হাদী তার স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে ঢাকার টঙ্গীতে বসবাস করেন।
ক) GDP এর পূর্ণরূপ লিখ। ১
খ) মানব সম্পদ উন্নয়নের ১টি উপায় ব্যাখ্যা কর। ২
গ) হাদীর পরিবারের জন্য গড় মাথাপিছু আয় নির্ণয় কর। ৩
ঘ) "উদ্দীপকের সূচকই পারে হাদীর পরিবারের অর্থনৈতিক মান নির্ধারণ করতে"-বিশ্লেষণ কর। ৪

৮। ২০১৫-২০১৬ অথ বছরের জন্য স্তম্ভ লেখ

ক) মানব উন্নয়ন সূচক কাকে বলে? ১
খ) মানব সম্পদ উন্নয়ন বাধাগ্রস্ত হওয়ার ১টি কারণ ব্যাখ্যা কর। ২
গ) 'আ' নির্দেশক খাতটি ব্যাখ্যা কর। ৩
ঘ) 'অ' খাতের অবস্থানকে 'ই' খাতের অবস্থানে পরিণত করার উপায়- বিশ্লেষণ কর। ৪

৯।

দেশের নাম	বিবরণ
U	* নির্বাহীপ্রধান–প্রধানমন্ত্রী। * শাসন বিভাগ আইন বিভাগের উপর নির্ভরশীল।
V	* সরকার প্রধান–রাষ্ট্রপতি। * রাষ্ট্রপতি মন্ত্রিপরিষদ নিয়ে শাসন ব্যবস্থা পরিচালন করেন।

ক) প্রজাতান্ত্রিক সরকার কাকে বলে? ১
খ) বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতির ১ম নীতিটি ব্যাখ্যা কর। ২
গ) 'V' নির্দেশক দেশে বিদ্যমান সরকার পদ্ধতি-ব্যাখ্যা কর। ৩
ঘ) 'U' নির্দেশক দেশটিতে যেন বাংলাদেশের সরকার ব্যবস্থারই প্রতিফলন- বিশ্লেষণ কর। ৪

১০। মি.রোহান যশোর শহরের ষষ্ঠীতলা পাড়ার স্থায়ী বাসিন্দা। তিনি বাংলাদেশের স্থানীয় সরকারের নির্বাচিত সদস্য। দেশে তার সংস্থার সংখ্যা ৩২৫। চলতি বছর বর্ষা মৌসুমে জন দুর্ভোগ কমাতে তার সংস্থার কাজের অন্ত নেই।
ক) সুশাসন কী? ১
খ) সংবিধান কেন প্রয়োজন? ২
গ) রোহানের সংস্থার গঠন বর্ণনা কর। ৩
ঘ) রোহানের সংস্থার জন্য শোষোক্ত উক্তি মূল্যায়ণ কর। ৪

১১। তোমরা শুনতে কী পাও?পাহাড়ী কান্না!
কয়েক দিনের ভারী বর্ষণে বান্দরবান এলাকায় পাহাড়ের পাদদেশে ব্যাপক জীবনহানির ঘটনা ঘটেছে।যার জন্য দেশবাসী শোক প্রকাশ করেছে।
ক) দুর্যোগ কাকে বলে? ১
খ) পরিবেশ দূষণের সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণটি -ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে নির্দেশিত প্রাকৃতিক দুর্যোগটি ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের দুর্যোগ বাঙালির জীবনকে গভীরভাবে প্রভাবিত করে- বিশ্লেষণ কর। ৪